দৈনিক ইত্তেফাক

20

তারিখ 04 SEP 1987

পৃষ্ঠা ... কলাম ...

# হালিম মুন্না হত্যা মামলায় নীরুসহ ১২ জনের বিরুদ্ধে চার্জশীট

(ইত্তেফাক রিপোর্ট)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের গত ১৪ই আগষ্ট রাতে আবদুল হালিম এবং ১৫ই আগষ্ট মুন্না

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## হালিম মুন্না হত্যা মামলায়

(১ম পৃঃ পর)

হত্যা মামলায় মহানগর গোয়েন্দা পুলিশ গত বুধবার মোট ১২ জনের বিরুদ্ধে চার্জশীট দাখিল করিয়াছেন। গত ১৪ই আগষ্ট রাতে সূর্যসেন হলের নিকট আবদুল হালিম নিহত হন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের ছাত্র ছিলেন। তাঁহার হত্যার মামলার তদন্তশেষে মহানগর পুলিশ বজলুর রহমান খান ওরফে পাগলা শহীদ, খবির, আবুল বাশার হাওলাদার ওরফে বাশার ও গোলাম মুর্তুজার বিরুদ্ধে চার্জশীট দাখিল করিয়াছে। হালিম নিহত হওয়ার জের হিসাবে গত ১৫ই আগষ্ট এস.এম, হল এলাকায় বিবদমান দুইটি ছাত্র সংগঠনের মধ্যে ব্যাপক বোমাবাজি; গুলী বিনিময় এবং সন্ত্রাসের মুখে একজন রিক্সাচালক ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র আসাদ আহমেদ মুন্না নিহত হন। এই মামলাটি গোয়েন্দা বিভাগ তদন্ত করিয়া ৯ জনের বিরুদ্ধে চার্জশীট দাখিল করে। চার্জশীট প্রাপ্ত ছাত্ররা হইতেছে সানাউল হক ওরফে নিরু, বজলুর রহমান ওরফে পাগলা শহীদ, গোলাম ফারুক ওরফে ডি. আহমদ, মালেক, মাহবুবুর রহমান, কামরুজ্জামান ওরফে রতন, শফিকুল ইসলাম ওরফে শফিক, ইলিয়াস আলী ও আলী। মহানগর গোয়েন্দা পুলিশ জানায়, মামলায় সাক্ষ্য প্রমাণ ও প্রাপ্ত আলামতের প্রেক্ষিতে আসামীদের বিরুদ্ধে বাংলাদেশ দণ্ডবিধি ৩০২ ধারায় চার্জসীট দেওয়া হয়।